আলোকিত হৃদয় স্কুল (মির্জাপুর, টাঙ্গাইল)

ওয়ার্কবুক
বাংলাদেশ ও বিশ্ব পরিচয়
৩য় শ্রেণী

নামঃ ____

রোল নং: __________

Alokito Hridoy Foundation
3/11, Block B, Lalmatia, Dhaka-1207, Bangladesh
www.alokitohridoy.org

আলোকিত হৃদয় ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত

পরীক্ষামূলক সংস্করণ

প্রথম মুদ্রণঃ ২০১৮

সম্পাদক

খালেদা সিদ্দিকা

নির্দেশনা

আজওয়া নাঈম

সমন্বয়ক

আজওয়া নাঈম

আদিবা করিম

সূচিপত্র

	বিষয়বস্তু	পৃষ্ঠা নম্বর
১	পদ্ধতি বিবরণ	1-3
২	অধ্যায়- ১	4-8
৩	অধ্যায়- ২	9-12
৪	অধ্যায়- ৩	13-18
৫	অধ্যায়- ৪	19-25
৬	অধ্যায়- ৫	26-31
৭	অধ্যায়- ৬	32-37
৮	অধ্যায়- ৭	38-46
৯	অধ্যায়- ৮	47-50
১০	অধ্যায়- ৯	51-56
১১	অধ্যায়- ১০	57-60
১২	অধ্যায়- ১১	61-65
১৩	অধ্যায়- ১২	66-72

পদ্ধতি বিবরণ

১) ভবিষ্যতের চাকা (Future Wheels):

এটা এমন একটা পদ্ধতি যার দ্বারা তুমি সহজেই জানতে পারবে যে কোন কাজের ফলাফল কি হতে পারে। যেমনঃ তুমি যখন খাদ্য অধ্যায়টি পড়বে তখন পুষ্টি ও অপুষ্টিকর খাদ্য গ্রহণের ফলে কি হতে পারে, যারফলে ভবিষ্যতে কি হবে তা তুমি জানতে পারবে।

অপুষ্টিকর খাদ্য গ্রহণঃ



পুষ্টিকর খাদ্য গ্রহণঃ

সঠিক খাদ্য গ্রহন

↓

সুস্থ মানুষ

↓

সব কাজ ভালভাবে সম্পন্ন

↓

সুস্থ জীবন

২) ফ্লো-চার্ট (Flow Chart):

কোন একটি ঘটনার ধারাবাহিক বর্ণনা সংক্ষিপ্ত আকারে চিত্রের দ্বারা বর্ণনা করাকেই ফ্ল চার্ট বলে। যেমনঃ বংশবৃদ্ধি বোঝানোর জন্য আমরা একটি বীজ থেকে গাছ কিভাবে হয় তা দেখাতে পারি এভাবেঃ

বীজ ⟶ পরিপূর্ণ বীজ ⟶ চারা ⟶ **শিশু গাছবৃক্ষ** ⟶ গাছবৃক্ষ

অথবা মাটি দূষণের ফলে কি হতে পারে-

মাটিতে আমরা গাছ লাগাই এবং ফসল ফলাই

↓

গাছ থেকে আমরা ফল পাই, ফসল এর দ্বারা আমরা আমাদের খাদ্য চাহিদা পূরণ করি।

↓

মাটিতে আমরা ঘরবাড়ি বানিয়ে বাস করি।

↓

মাটি দূষিত করলে অথবা মাটির কোন ক্ষয়ক্ষতি করলে আমরা ফসল ফলাতে পারব না, পশুরা তাদের খাদ্য পাবে না, মাটির উপর ঘর বানিয়ে বসবাস করতে পারব না।

↓

প্রভাবঃ এরফলে আমরা খাদ্য অভাবে ভুগবো এবং ভূমিহীন অথবা ঘর ছাড়া হয়ে পরবো।

৩) Concept Map: এই পদ্ধতি দ্বারা তুমি সংক্ষেপে পুরো অধ্যায়টি বুঝে ফেলতে পারবে এবং তার একটি সারমর্ম করতে পারবে। এরফলে অধ্যায়ের বিশেষ বিষয়গুলো মনে রাখতে সহজ হবে। নিম্নে দুইটি উদাহরণ দেওয়া হল। তুমি তোমার মত করে যেকোনো আঁকার-আকৃতি তৈরি করতে পারবে।



পানি দূষণ



অধ্যায়- ১

প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। পরিবেশ বলতে তুমি কি বুঝো?

২।প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের মধ্যে কি কি পার্থক্য রয়েছে? একটি লিস্ট তৈরি কর।

প্রাকৃতিক পরিবেশ	সামাজিক পরিবেশ

৩। তোমার আশেপাশের পরিবেশ কেমন? তুমি তোমার পরিবেশের মধ্যে কি ধরনের পরিবর্তন আনতে চাও?

৪।যানবাহন কোন পরিবেশের উপাদান? এই উপাদানটি না থাকলে আমাদের কি হত?

খ) এই অধ্যায়টি পড়ে এবং তোমার আশেপাশে ঘিরে যা দেখ তা থেকে তুমি কি শিখলে, সংক্ষেপে একটি concept map দ্বারা দেখাও।

গ) যানবাহন আমরা কীভাবে ব্যবহার করে থাকি তা নিয়ে নিজস্ব অভিজ্ঞতা থেকে একটি ছোট অনুচ্ছেদ লেখ। (১০ লাইন)

অধ্যায়- ২

মিলেমিশে থাকি

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। আমরা যে পরিবেশে বাস করছি, সেখানে আমরা কীভাবে থাকছি? কেন?

২। তোমার ছোট ভাই/বোন তোমার যেকোনো একটি জিনিস নিল, তুমি তার সাথে কি রকম আচরণ করবে? কেন?

৩। তোমার বন্ধু/সহপাঠীর পড়া বুঝতে সমস্যা হচ্ছে, তুমি তোমার বন্ধু/ সহপাঠীর সাথে কি ধরনের আচরণ করবে?

৪। আমাদের কখনো কারো ধর্ম নিয়ে বাজে কথা বলা উচিত না – তোমার মতে কেন এই কাজটি আমাদের করা উচিত না?

খ) তুমি একটি বাজারে গেলে। সেখানে দেখলে যে একটি বাচ্চা মেয়ে তার মা-বাবাকে খুজে পাচ্ছে না। তুমি একজন সচেতন নাগরিক হিসেবে কি করবে?

এই তথ্যটি নিয়ে একটি future wheels তৈরি কর, যেখানে তোমার কাজের ফলে কি কি হতে পারে তা দেখাবে।

অধ্যায়-৩

আমাদের অধিকার ও দায়িত্ব

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। তুমি দায়িত্ব ও অধিকার বলতে কি বুঝো? নিজেকে নিয়ে একটি উদাহরণ দাও।

২। আমাদের জীবনে দায়িত্ব ও অধিকারের কি প্রয়োজন আছে? কেন?

৩। তুমি যদি সঠিক ভাবে তোমার দায়িত্ব পালন না করো ও তোমার যা অধিকার তা যদি তোমাকে না দেওয়া হয়, তাহলে তুমি কি ধরনের সমস্যার সম্মুখীন হবে?

৪। একজন শিশু হিসাবে তোমার পরিবারের কাছে থেকে তুমি কি অধিকার পেয়ে থাক? তোমার মতে কি তা যথেষ্ট নাকি আরও কিছু পাওয়া উচিত? তুমি তোমার দায়িত্ব পালন করতে কতদূর পর্যন্ত সক্ষম হয়েছ?

খ) নিম্নে দেওয়া বাক্যগুলো থেকে কোনটি তোমার অধিকার ও কোনটি তোমার দায়িত্ব তা নির্ণয় করে লিস্টটি সম্পূর্ণ কর।

১। ঘর পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখা। ২। পরিবারের আদর ও ভালবাসা পাওয়া।

৩। স্কুলে পড়তে যাওয়া। ৪। বড়দের যত্ন নেওয়া। ৫। গাছ-পালার যত্ন নেওয়া।

৬। আমার নাম জামিল। ৭। আমি এখন একটু বিশ্রাম নিব। ৮। ছোট ভাইবোনদের দেখাশোনা করা। ৯। প্রয়োজনীয় পোশাক থাকা। ১০।নিজের কাপড় পরিষ্কার করা।

আমার দায়িত্ব	আমার অধিকার

গ) তুমি যদি তোমার দায়িত্ব পালন না কর তাহলে কি হবে, তা নিয়ে দুইটি flow chart তৈরি কর। নিম্নে দুইটি দায়িত্ব দেওয়া হল।

* মা-কে যদি তার কাজে সাহায্য না করি।

* নিজের ঘর যদি অপরিষ্কার রাখি।

ঘ) গ্রুপে যে ৫টি করে প্রশ্ন তইরি করেছো, সেই সকল প্রশ্ন নিম্নে লিখে তার উত্তর লেখ।
(Question making)

অধ্যায়- ৪

সমাজের বিভিন্ন পেশা

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। তুমি বড় হয়ে কি হতে চাও? কেন?

২। তুমি যে পেশায় নিয়োজিত হতে চাও, সেই পেশায় তোমার মতে কি পড়াশোনা/শিক্ষা প্রয়োজন বা কতটুকু শিক্ষা প্রয়োজন আছে?

৩। জীবনে আমাদের বড় হতে হলে শিক্ষার প্রয়োজনীয়তা কতটুকু?

খ) সমাজের বিভিন্ন পেশা ও পেশাবীদদের কেন্দ্র করে নিজের মত করে একটি ছোট গল্প লেখ।

গ) নিম্নে দেওয়া লিস্টটি সম্পূর্ণ কর। একটি উদাহরণ দেওয়া হল।

জেলে, রিকশা চালক, শিক্ষক, কুমার, রাজমিস্ত্রি, তাঁতি, নার্স, দারোয়ান, দর্জি, ইঞ্জিনিয়ার

উৎপাদন করে	তৈরি করে	সেবা দেন
কৃষক	কুমার	চালক

ঘ) ক্লাসে যে রোল প্লে-টি করা হয়েছে, সেই রোল প্লে-টি তোমার কাছে কেমন লেগেছে তা নিজের ভাষায় লেখ। (কি ভাল লেগেছে, কি আরও ভাল ভাবে করা যেতে পারত, নতুন কিছু কি যোগ করা প্রয়োজন ছিল বা কিছু কি বাদ দেয়া যেতে পারে, এই রোল প্লে-টি থেকে তুমি কি শিখলে?)

____

____

____

____

____

৬) * এই অধ্যায় থেকে ৬টি সত্য/ মিথ্যা প্রশ্ন তইরি করবে।

* এরপরে তোমার পাশের সহপাঠির সাথে তোমাদের ওয়ার্কবুকটি অদল-বদল করবে।
* প্রশ্নগুলোর উত্তর লিখবে, মিথ্যা হলে, সত্য উত্তর কি তা লিখতে হবে।
* এরপরে ওয়ার্কবুকটি আবার অদল-বদল করবে।
* তোমার ওয়ার্কবুকে তোমার সহপাঠীর লেখা উত্তরগুলো চেক করে দিবে।
* অবশেষে সে কত মার্ক্স পেয়েছে তা নিম্নে দেয়া বক্সটিতে লিখে রাখবে।

সহপাঠীর নামঃ

মার্ক্স প্রাপ্তঃ

অধ্যায়-৫

মানুষের গুন

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। ভাল মানুষ কি?

২।একজন মানুষের মধ্যে তুমি কি দেখে বলতে পারবে যে সে একজন ভাল মানুষ?

৩।মন্দ মানুষ কি?

৪।একজন ভাল মানুষের সাথে একজন মন্দ মানুষের পার্থক্য কি হতে পারে তোমার মতে।তুমি কিভাবে একজন ভাল মানুষ ও মন্দ মানুষ চিহ্নিত করতে পারবে?

খ) তুমি নিজেকে কি ধরনের মানুষ হিসেবে বিবেচনা কর? কেন?

গ) তোমার মতে একজন ভাল মানুষ কেমন অথবা তোমার দেখা একজন ভাল মানুষকে নিয়ে একটি ছোট গল্প/ অনুচ্ছেদ লেখ।

ঘ) ক্লাসে যে রোল প্লেগুলো করা হয়েছে, সেই রোল প্লেগুলোর মধ্যে কোনটি তোমার কাছে সবচেয়ে ভাল লেগেছে এবং কেন তা নিজের ভাষায় লেখ। (কি ভাল লেগেছে, কি আরও ভাল ভাবে করা যেতে পারত, নতুন কিছু কি যোগ করা প্রয়োজন ছিল বা কিছু কি বাদ দেয়া যেতে পারে, এই রোল প্লেগুলো থেকে তুমি কি শিখলে?)

অধ্যায়-৬

সামাজিক পরিবেশের উন্নয়ন

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। পরিবারের সবাইকে আমাদের কেন সাহায্য করা উচিত তোমার মতে? যদি না করি, তাহলে কি হবে?

২।তুমি কাল রাত থেকে আজ সকাল পর্যন্ত কি কি করেছ? তুমি যে কাজ করেছ, সেই কাজ তোমার পরিবারের সদস্যদের কিভাবে সাহায্য করেছে?

৩। স্কুলের জন্য তুমি এমন কি কাজ করতে পারো যা তোমার স্কুলের উন্নয়নের কাজে সাহায্য করবে?

খ) নিম্নে দেওয়া তালিকাটি সম্পূর্ণ কর। এইখানে তুমি ৫দিনের একটি চার্ট তৈরি করবে যেখানে তুমি রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত কি কি করেছ বাড়ি এবং স্কুলের সবাইকে সাহায্য করার জন্য। একটি উদাহরণ সহকারে তালিকাটি নিম্নে দেওয়া হল।

দিন	বাড়ির কাজ	স্কুলে কাজ
রবিবার	মায়ের কাপড় ভাজ করে গুছিয়ে রেখেছি।	টিচার-কে শ্রেণি কক্ষ থেকে টিচার কক্ষে খাতা দিয়ে এসেছি ।
রবিবার		

সোমবার		

গ) তুমি একজন সচেতন নাগরিক হিসাবে তোমার দেশকে কিভাবে সাহায্য করতে পারো উন্নয়নের জন্য- এই তথ্য দ্বারা তোমার মতামত প্রকাশ কর।

ALOKITO HRIDOY

ঘ) তুমি গ্রুপে যে presentation করেছ, সেই presentation- এর মূল বিষয়টি কি ছিল তা লেখ। এই presentation থেকে তুমি কি শিখতে পারলে? নিজের ভাষায় লেখ। (৮ লাইন)

অধ্যায়- ৭

পরিবেশ দূষণ প্রতিরোধ ও সংরক্ষণ

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। পরিবেশ দূষণ কিভাবে হয়ে থাকে? আমাদের কি ধরনের কাজে আমরা পরিবেশ দূষিত করে থাকি?

____

____

____

____

____

____

____

____

____

____

____

২। আমরা যদি চাই তাহলে আমরা পরিবেশ দূষিত হতে রক্ষা করতে পারবো। নিজেদের মধ্যে পরিবর্তন সর্ব প্রথম কোথার থেকে আনবো এবং কি ধরনের পরিবর্তন আনবো?

____

____

____

৩।মানুষ যে এত অসুস্থ হয়ে পড়ছে, এই অসুস্থ হয়ে যাওয়ার পিছনের কারণ কি?

৪। একজন সচেতন নাগরিক হিসাবে তুমি কি ভাবে তোমার পরিবেশকে দূষণমুক্ত রাখবে?

খ) আমাদের চারপাশে পরিবেশ। আমরা পরিবেশকে নানা ভাবে ব্যবহার করে থাকি এবং এরফলে বিভিন্ন ধরনের পরিবর্তন ঘটে যা পরিবেশের জন্য ক্ষতিকারক। এই ভাবে যদি আমরা পরিবেশের ক্ষতি করতে থাকি,তাহলে খুব শীঘ্রই আমাদের এই পরিবেশের কাছ থেকে আর কিছুই নেওয়ার থাকবেনা। এই তথ্য দ্বারা একটি Future Wheels তৈরি কর।

গ) নিম্নে ৪ ধরণের দূষণের ছবি আঁক ও তাদের বিবরণ দাও।

ঘ) তোমরা যে স্কুলের আশেপাশের জায়গা পর্যবেক্ষণ করতে গিয়েছ, সেখানে গিয়ে কি কি দেখলে তা লেখ। এই কাজটি করার মাধ্যমে তুমি কি শিখতে পারলে? নিজের ভাষায় লেখ।

অধ্যায়- ৮

মহাদেশ ও মহাসাগর

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। পৃথিবীকে কেন স্থলভাগ ও জলভাগে ভাগ করা হয়েছে?

২। পৃথিবী কি গোল নাকি ওভাল? কি মনে হয় তোমাদের?কেন গোল বা কেন অভাল? নিজের ভাষায় লেখ।

খ) নিম্নে দেওয়া ম্যাপটি সম্পূর্ণ কর এবং সঠিক স্থানে জায়গার নাম লেখ ও রং কর।

গ) বিশ্ব মানচিত্রটি আঁক এবং ৭টি মহাদেশের নাম লেখ।

ঘ) গ্রুপে যে ৫টি করে প্রশ্ন তৈরি করেছো, সেই সকল প্রশ্ন নিম্নে লিখে তার উত্তর লেখ।
(Question making)

অধ্যায় -৯

আমাদের বাংলাদেশ

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। বাংলাদেশ কোন মহাদেশে অবস্থিত?

২। বাংলাদেশ সম্পর্কে কিছু বিশেষ বৈশিষ্ট্য লেখ।

৩। বাংলাদেশের খনিজ সম্পদ সম্পর্কে কিছু লেখ। এই দেশের বিশেষ সম্পদ কোনগুলো তোমার মতে?

৪। আমাদের দেশকে নদীমাতৃক দেশ কেন বলা হয়?

৫। তুমি এই দেশের জন্য কি করতে চাও?

খ) বাংলাদেশের জাতীয় পশু, পাখি, ফুল, ফল ও পতাকার ছবি এঁকে লেবেল কর।

গ) এই অধ্যায়টি পড়ে তুমি কি শিখলে তা একটি concept map দ্বারা দেখাও।

অধ্যায়- ১০

আমাদের জাতির পিতা

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। আমাদের জাতির পিতা সম্পর্কে কি জানো তুমি?

২। শেখ মুজিবর রহমানকে কেন জাতির পিতা খেতাব দেওয়া হয়েছিল?

৩। আমাদের দেশকে যে এত রক্তের বিনিময়ে অর্জন করা হয়েছে, তোমার এই সম্পর্কে জেনে কেমন লাগে? এই দেশের নাগরিক হওয়াতে তোমার অনুভূতি কেমন?

খ) এই অধ্যায় থেকে ৫টি সত্য/ মিথ্যা প্রশ্ন তৈরি করবে।

* এরপরে তোমার পাশের সহপাঠির সাথে তোমাদের ওয়ার্কবুকটি অদল-বদল করবে।
* প্রশ্নগুলোর উত্তর লিখবে, মিথ্যা হলে, সত্য উত্তর কি তা লিখতে হবে।
* এরপরে ওয়ার্কবুকটি আবার অদল-বদল করবে।
* তোমার ওয়ার্কবুকে তোমার সহপাঠীর লেখা উত্তরগুলো চেক করে দিবে।
* অবশেষে সে কত মার্ক্স পেয়েছে তা নিম্নে দেয়া বক্সটিতে লিখে রাখবে।

সহপাঠীর নামঃ

মার্ক্স প্রাপ্তঃ

গ) তুমি যে ভিডিও দেখেছ তা দেখে তোমার কেমন লাগলো? এই ভিডিও-এর মূলভাবটি কি, তা নিজের ভাষায় লেখ।

অধ্যায়-১১

আমাদের ইতিহাস ও সংস্কৃতি

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। শহিদ মিনারে আমরা কেন যাই? সেখানে গিয়ে আমরা কি করি?

২। মাতৃভাষা দিবস কেন পালন করা হয়? তুমি কি কখনো পালন করেছ? কীভাবে?

৩। স্মৃতিসৌধ কেন নির্মাণ করা হয়েছিল? আমাদের জন্য এটি কেন গুরুত্বপূর্ণ?

খ) ২১-এ ফেব্রুয়ারী সম্পর্কে একটি অনুচ্ছেদ লেখ। (১০লাইন) {২১এ ফেব্রুয়ারী কেন বাঙালীদের জন্য গুরুত্বপূর্ণ, কি হয়েছিল এই সময়ে, শহীদমিনার কি? - এসব তথ্য দিয়ে অনুচ্ছেদটি লিখবে}

গ) শহীদ মিনার, জাতীয় স্মৃতিসৌধ-এর ছবি আঁক ও রং কর। এরপরে বাংলার বিভিন্ন উৎসবের ছবি, যেমন নবান্ন মেলা, বৈশাখী মেলার ছবি আঁকবে এবং প্রত্যেকটার সাথে বিবরণ লিখবে যে আমরা এই উৎসব কিভাবে পালন করি।

অধ্যায়-১২

বাংলাদেশের জনসংখ্যা

ক) নিম্নে দেওয়া প্রশ্নের উত্তর লেখ।

১। বাংলাদেশ একটি ছোট দেশ, সেই হিসাবে তার জনসংখ্যা অনেক বেশি। দিন দিন তার সংখ্যা আরও বৃদ্ধি হচ্ছে, তোমার মতে এই জনসংখ্যা বৃদ্ধি হওয়ার কারণে আমাদের কি অবস্থায় এসে দাঁড়াতে হবে ভবিষ্যতে? নিজের মতামতটি লেখ।

২। পরিবারের লোকসংখ্যা বেশি হলে সেই পরিবারের মানুষদের কোন কোন প্রয়োজন মেটানো সম্ভব হয় না? তোমার পরিবার কেমন? তোমরা কি কোন অসুবিধার সম্মুখীন হয়েছে? নিজের ভাষায় লেখ।

খ) নিজের বাস্তব জীবন থেকে জনসংখ্যা বৃদ্ধি হওয়ার ভাল ও খারাপ দিক মিলিয়ে একটি ছোট গল্প লেখ।

গ) বাংলাদেশে যে পরিমাণে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে, তা যদি প্রতিরোধ না করা যায় তাহলে ভবিষ্যতে নানারকম ঝুঁকির সম্মুখীন হতে হবে। এই তথ্য দ্বারা একটি future wheel তৈরি কর।

ঘ) এই অধ্যায়টি পড়ে তুমি কি শিখলে তা একটি concept map দ্বারা দেখাও।

ঙ) ক্লাসে যে সবাই গল্প বলেছে তার মধ্যে থেকে কার গল্পটি তোমার কাছে সবচেয়ে ভাল লেগেছে এবং কেন? সেই গল্পটির মূলভাব কি ছিল?